কুষ্টিয়ায় কপোতাক্ষ এক্সপ্রেসের নিচে কাটা পড়ে অজ্ঞাত নারীর মৃত্যু

কুষ্টিয়া-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের মিরপুর বিজিবি কুষ্টিয়া সেক্টরের রেলওয়ে লেভেল ক্রসিংয়ের অদূরে কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেনের নিচে কাটা পড়ে অজ্ঞাতপরিচয় এক নারীর (প্রায় ৫০) মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২৮ জুলাই) সকাল আনুমানিক ১০টা ৪০ মিনিটে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্র ও প্রত্যক্ষদর্শীরা জানান, খুলনা থেকে রাজশাহীগামী আন্তঃনগর কপোতাক্ষ এক্সপ্রেস মিরপুর বিজিবি কুষ্টিয়া সেক্টরের রেলওয়ে লেভেল ক্রসিংয়ের দক্ষিণ পাশের আপ লাইনে পৌঁছালে অজ্ঞাত ওই নারী ট্রেনের নিচে চলে যান। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে মিরপুর থানা পুলিশ ও সংশ্লিষ্ট রেলওয়ে কর্তৃপক্ষ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে। নিহত নারীর পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। তার পরিচয় শনাক্তে পুলিশ কাজ করছে।

পুলিশ জানায়, মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত করতে ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হবে। পরিচয় শনাক্তের পর মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হবে।

স্থানীয়রা জানান, ট্রেন চলাচলের সময় রেললাইন পারাপারে অসতর্কতা রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং ঝুঁকিপূর্ণ এলাকায় নজরদারি আরও জোরদার করা প্রয়োজন।